



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/প্রশা/অংশ-৩/৩৬৮/২০০৮/১৩৩৩

তারিখ : ১৪/০৫/২০১৭ খ্রি:

বিজ্ঞপ্তি

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত।

অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অফিসের জন্য নিম্নোক্ত পদসমূহে দৈনিক হাজিরার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্তাবলীনে লোক নিয়োজিতকরণের জন্য একটি প্যানেল তৈরী করা হইবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০/০৫/২০১৭ খ্রিঃ তারিখ মঙ্গলবার বিকাল ৪-০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রার অফিস থেকে সিকিউরিটি গার্ড/সুইপার পদের জন্য ১০০/- (একশত) টাকার বিনিময়ে নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর আবেদন করিতে হইবে।

সিকিউরিটি গার্ড/সুইপার পদে দাখিলকৃত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/ফিটনেস পরীক্ষার তারিখ আবেদনকারী কর্তৃক তাঁহাদের CV ফরমেটে প্রদত্ত মোবাইল ফোনের মাধ্যমে যথাসময়ে অবহিত করা হইবে।

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	গার্ড/সিকিউরিটি গার্ড	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।
২।	সুইপার	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। অথবা প্রার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সহ কমপক্ষে ৮ম শ্রেণী বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে।

বিঃ দ্রঃ যাহাদের এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষা পাশের সনদপত্র নাই কিন্তু ইতিমধ্যে ১০০/- (একশত) টাকার বিনিময়ে ফরম সংগ্রহ করেছেন, তাহারা রেজিস্ট্রার অফিসে আবেদনপত্রের নির্ধারিত ফরম ফেরত প্রদানপূর্বক ১০০/- (একশত) টাকা নগদ গ্রহণ করতে পারবেন।

শর্তাবলী :

- আবেদনপত্রের সাথে সদয় তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র ও জন্ম সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।
- আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ২৭ বৎসরের মধ্যে হইতে হইবে।
- সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিলযোগ্য বিবেচিত হইবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)।

তারিখ : ১৪/০৫/২০১৭ খ্রি:

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/অংশ-৩/৩৬৮/২০০৮/১৩৩৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)-

- এপিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সকল-ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান।
- পরিচালক, কম্পিউটার সেন্টার।
(বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
- কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)।
- নোটিশ বোর্ড-বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ মফিজুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার

18.05.17